রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, নভেম্বর ২৩, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**চেয়ারম্যানের কার্যালয়**

**নিম্নতম মজুরী বোর্ড**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৩ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ/ ১৭ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

নং **নিমবো/নিমনি/ ফার্মাসিউটিক্যাল/২০১৬/৫১০**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ১৩৯ (১) ধারা এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৮ (১) বিধি মোতাবেক নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক “ফার্মাসিউটিক্যাল” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ, ২০১৬ জনসাধারণের/সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য অত্র বিজ্ঞপ্তি মারফত জানানো যাইতেছে।

অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত “ফার্মাসিউটিক্যাল” শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোন আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে উক্ত আপত্তি বা সুপারিশ লিখিতভাবে বাংলাদেশ গেজেটে বিজ্ঞপ্তি প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, ২২/১ তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা -১০০০ বরাবর পাঠাইতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট সুপারিশ করিবেন।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।


**মূল্য :** টাকা ১২.০০

**"ফার্মাসিউটিক্যাল" শিল্প**

**খসড়া সুপারিশ-২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, অধিশাখা-৬ কর্তৃক পত্র সংখ্যা ৪০.০০.০০০০.০১৬.৩২.০০১.১৬.৮২ তারিখঃ ০৬ জুন, ২০১৬খ্রিঃ মূলে "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ করার জন্য নিম্নতম মজুরী বোর্ডকে নির্দেশ দেওয়া হয় এবং উক্ত শিল্প সেক্টরে প্রতিনিধিত্ব করার জন্য এস. আর. ও. নং ১২৬- আইন/২০১৬ তারিখঃ ২১ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ/০৪ মে ২০১৬ এবং সোমবার, মে ৯, ২০১৬খ্রিঃ তারিখ এর প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা "ফার্মাসিউটিক্যাল" শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য ও উক্ত শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য নিয়োগ করা হয়।

অতঃপর নিম্নতম মজুরী বোর্ড "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ প্রণয়নের উদ্দেশ্যে একাধিক বৈঠকে মিলিত হন। অত্র বোর্ড "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরীর হার সুপারিশের নিমিত্ত শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরন, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনা করিয়া বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৩৯ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ পেশ করিতেছেন :

১। বাংলাদেশে অবস্থিত "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের বিভিন্ন পদবি, কাজের ধরন ও প্রকৃতি, চাকুরীকাল, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা ইত্যাদি বিবেচনাক্রমে শ্রমিকদের জন্য উচ্চতর দক্ষ গ্রেড-১, দক্ষ-১ গ্রেড-২, দক্ষ-২ গ্রেড-৩, দক্ষ-৩ গ্রেড-৪, আধা-দক্ষ গ্রেড-৫ ও অদক্ষ গ্রেড-৬ এই ০৬(ছয়) শ্রেণিতে এবং কর্মচারীদের জন্য যথাক্রমে গ্রেড-১, গ্রেড-২, গ্রেড-৩ ও গ্রেড-৪ এই ০৪(চার) শ্রেণিতে বিভক্ত করিয়া পদবিন্যাস ও শ্রেণি বিভাগ করা হয় যাহা এতদসঙ্গে সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হইয়াছে। যদি কখনও এই সুপারিশে উল্লিখিত পদের অতিরিক্ত কোন পদ সংশ্লিষ্ট শিল্পে সংযোজিত হয়, তবে উহা যথাযথ গ্রেডে অন্তর্ভুক্ত করা যাইবে।

২। "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীদের জন্য মাসিক ভিত্তিতে নিম্নতম মজুরী নির্ধারণ করা হয় যাহা সংযোজিত তফসিল "ক" ও "খ" এ বলা হইয়াছে।

৩। যদি "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরের মালিকগণ ফূরণভিত্তিক (Piece Rate) মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার প্রচলিত শ্রম আইন অনুযায়ী এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

৪। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৫। এই সুপারিশ ঘোষণার পর হইতে "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরের মালিকগণ তফসিল "ক" ও "খ" এ বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক ও কর্মচারীদেরকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্স্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিল "ক" ও "খ" এ উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী ঘোষিত মজুরী হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা কর্মচারীদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৭। "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক কন্ট্রাক্টর/ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারা অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত নিয়োগকারী কন্ট্রাক্টর/ ঠিকাদার মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন। উক্ত শিল্প সেক্টরে কোন শ্রমিকের কন্ট্রাক্টর/ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে কোন সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। কন্ট্রাক্টর/ঠিকাদার নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক শ্রমিকদের জন্য ঘোষিত মজুরী অপেক্ষা কোনক্রমেই কম মজুরী প্রদান করিতে পারিবেন না।

৮। "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরের তফসিল ''ক'' ও ''খ'' এ উল্লিখিত শ্রমিক ও কর্মচারীগণ বর্তমানে যেই গ্রেডে আছেন সেই গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া তাহাদের স্ব স্ব মজুরী সুপারিশকৃত মজুরী অনুযায়ী নির্ধারিত হইবে। কোন শ্রমিক ও কর্মচারীকে নিম্ন গ্রেডভুক্ত করা যাইবে না।

৯। "ফার্মাসিউটিক্যাল" শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক ও কর্মচারীগণ গেজেট প্রকাশের তারিখ হইতে ০১(এক) বছর পর মূল মজুরীর ৫% বৃদ্ধির সুবিধা পাইবে।

১০। তফসিল ''ক'' ও ''খ'' এ উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়াও শ্রমিক ও কর্মচারীগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যেসব সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

১১। এই সুপারিশের কোন অংশ প্রচলিত আইনের সহিত সাংঘর্ষিক হইলে সেই অংশটুকু বাতিল বলিয়া গণ্য হইবে।

১২। কার্যকাল দেশের প্রচলিত/প্রযোজ্য শ্রম আইন দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

**মোঃ আলী হায়দার**
চেয়ারম্যান (সিনিয়র জেলা জজ)
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন**
নিরপেক্ষ সদস্য

**কাজী সাইফুদ্দীন আহমদ**
মালিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**ফজলুল হক মন্টু**
শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্য

**মোহাম্মদ হালিমুজ্জামান**
সংশ্লিষ্ট শিল্পের মালিকগণের
প্রতিনিধিত্বকারী সদস্য

**মোঃ জিয়াউল হক**
সংশ্লিষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের
প্রতিনিধিত্বকারী সদস্য

## তফসিল "ক"

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| উচ্চতর দক্ষঃ গ্রেড-১ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭৮০০/- | ৩৯০০/- | ৭০০/- | ৬০০/- | ১৩০০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭৫০০/- | ৩৭৫০/- | ৭০০/- | ৬০০/- | ১২৫৫০/- |

১। ইলেকট্রিক ফোরম্যান

২। মেকানিক্যাল ফোরম্যান

৩। ইউটিলিটি ফোরম্যান

৪। সেকশন ইনচার্জ/সুপারভাইজার

৫। প্রডাকশন ফোরম্যান

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| দক্ষ-১ : গ্রেড-২ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬৮০০/- | ৩৪০০/- | ৭০০/- | ৬০০/- | ১১৫০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৬৬০০/- | ৩৩০০/- | ৭০০/- | ৬০০/- | ১১২০০/- |

১। সিনিয়র মেকানিক

২। সিনিয়র টার্ণার

৩। সিনিয়র ওয়েল্ডার

৪। সিনিয়র বয়লার এটেনডেন্ট

৫। সিনিয়র ইলেকট্রিশিয়ান

৬। সিনিয়র কার্পেন্টার

৭। সিনিয়র এ. সি অপারেটর

৮। সিনিয়র অপারেটর-কাম-রিসিপসনিস্ট

৯। সিনিয়র প্যাকার/ সিনিয়র টিম লিডার

১০। সিনিয়র ফিল্ড ওয়ার্কার/ সিনিয়র অপারেটর

১১। সিনিয়র কম্পাউন্ডার

১২। সিনিয়র ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট

১৩। সিনিয়র কিউ. সি ইন্সপেক্টর

১৪। সিনিয়র ফিটার

১৫। বিভিন্ন বিভাগ/সেকশনের সিনিয়রগণ

১৬। সিনিয়র প্রডাকশন অপারেটর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| দক্ষ-২ : গ্রেড-৩ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৬২০০/- | ৩১০০/- | ৭০০/- | ৬০০/- | ১০৬০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৬০০০/- | ৩০০০/- | ৭০০/- | ৬০০/- | ১০৩০০/- |

১। মেকানিক
২। টার্ণার
৩। ওয়েল্ডার
৪। বয়লার এটেনডেন্ট
৫। ইলেকট্রিশিয়ান
৬। কার্পেন্টার
৭। এ. সি অপারেটর
৮। অপারেটর-কাম-রিসিপসনিস্ট
৯। প্যাকার/ সিনিয়র টিম লিডার
১০। ফিল্ড ওয়ার্কার/ অপারেটর
১১। কম্পাউন্ডার
১২। ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট
১৩। কিউ. সি ইন্সপেক্টর
১৪। হেড কুক
১৫। চীফ স্টুয়ার্ড
১৬। ফিটার
১৭ বিভিন্ন বিভাগ/সেকশনের সিনিয়র এ্যাসিসট্যান্টগণ
১৮। প্রডাকশন অপারেটর

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| দক্ষ-৩ : গ্রেড-৪ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৮০০/- | ২৯০০/- | ৭০০/- | ৬০০/- | ১০০০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫৫০০/- | ২৭৫০/- | ৭০০/- | ৬০০/- | ৯৫৫০/- |

১। জুনিয়র মেকানিক
২। জুনিয়র টার্ণার
৩। জুনিয়র ওয়েল্ডার
৪। জুনিয়র ইলেকট্রিশিয়ান
৫। জুনিয়র কার্পেন্টার
৬। জুনিয়র এ. সি অপারেটর
৭। জুনিয়র অপারেটর-কাম-রিসিপসনিস্ট
৮। জুনিয়র প্যাকার/ জুনিয়র টাইম কিপার
৯। জুনিয়র বয়লার এটেনডেন্ট
১০। জুনিয়র ফিল্ড ওয়ার্কার
১১। জুনিয়র কম্পাউন্ডার

১২। জুনিয়র ফিটার

১৩। জুনিয়র ল্যাবরেটরী এ্যাসিসট্যান্ট

১৪। জুনিয়র প্রোডাকশন অপারেটর

১৫। কুক

১৬। সিনিয়র স্টুয়ার্ড

১৭। সিনিয়র ওয়াচম্যান

১৮। হেড লোডার এন্ড আন- লোডার

১৯। বিভিন্ন বিভাগ/সেকশনের জুনিয়র এ্যাসিসট্যান্টগণ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| আধা-দক্ষ-৫ : গ্রেড-৫ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫০০০/- | ২৫০০/- | ৭০০/- | ৬০০/- | ৮৮০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪৮০০/- | ২৪০০/- | ৭০০/- | ৬০০/- | ৮৫০০/- |

১। সেমি ফিল্ড ওয়ার্কার

২। সিনিয়র লোডার এন্ড আন- লোডার

৩। উৎপাদন শ্রমিক

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| অদক্ষ : গ্রেড-৬ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৪৬০০/- | ২৩০০/- | ৭০০/- | ৬০০/- | ৮২০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪৫০০/- | ২২৫০/- | ৭০০/- | ৬০০/- | ৮০৫০/- |

১। ওয়ার্কশপ হেলপার

২। ইউটিলিটি হেলপার

৩। আনস্কিল্ড হেলপার

৪। স্টুয়ার্ড

৫। কুক হেলপার

৬। ডিশ ওয়াশার/বটল ওয়াশার

৭। লোডার এন্ড আন- লোডার

৮। সার্ভিসম্যান

৯। উৎপাদন সাহায্যকারী/প্রোডাকশন হেলপার

১০। বিভিন্ন বিভাগ/মেশিন এর হেলপারগণ

- **শিক্ষানবিস :**

শিক্ষানবিসীকাল একজন শ্রমিক মাসিক সর্বসাকুল্যে =৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন দক্ষ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিসীকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসীকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

**তফসিল "খ"**

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | এলাকা | মূল মজুরী | বাড়ী ভাড়া ভাতা (বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় মূল মজুরীর ৫০% এবং জেলা শহর ও অন্যান্য এলাকায় মূল মজুরীর ৫০%) | চিকিৎসা ভাতা | যাতায়াত ভাতা | সর্বমোট মজুরী |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-১ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৭৮০০/- | ৩৯০০/- | ৭০০/- | ৬০০/- | ১৩০০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৭৫০০/- | ৩৭৫০/- | ৭০০/- | ৬০০/- | ১২৫৫০/- |

১। সিনিয়র এ্যাসিসট্যান্ট/ সিনিয়র অফিস সহকারী

২। সিনিয়র ক্যাশিয়ার/ সিনিয়র হিসাব সহকারী

৩। স্টোর কিপার/ওয়্যার হাউজ কিপার

৪। সিনিয়র টেলিফোন অপারেটর

৫। সিনিয়র কেন্টিন সুপারভাইজার

৬। ট্রান্সপোর্ট সুপারভাইজার

৭। সিকিউরিটি সুপারভাইজার

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-২ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশেন এলাকায় | ৬২০০/- | ৩১০০/- | ৭০০/- | ৬০০/- | ১০৬০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৬০০০/- | ৩০০০/- | ৭০০/- | ৬০০/- | ১০৩০০/- |

১। এ্যাসিসট্যান্ট/ সিকিউরিটি ইনচার্জ

২। টেলিফোন অপারেটর কাম রিসেপসনিস্ট

৩। ক্যাশিয়ার

৪। সিনিয়র ক্লার্ক কাম কম্পিউটার অপারেটর

৫। কেন্টিন সুপারভাইজার

৬। সিনিয়র ড্রাইভার

৭। সিনিয়র সেলসম্যান

৮। হেড ওয়াচম্যান

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৩ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫৫০০/- | ২৭৫০/- | ৭০০/- | ৬০০/- | ৯৫৫০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৫২০০/- | ২৬০০/- | ৭০০/- | ৬০০/- | ৯১০০/- |

১। জুনিয়র এ্যাসিসট্যান্ট

২। জুনিয়র টেলিফোন অপারেটর কাম রিসিপসনিস্ট

৩। ক্লার্ক কাম কম্পিউটার অপারেটর

৪। সেলসম্যান

৫। টাইম কিপার

৬। হেড ক্লিনার

৭। হেড গার্ডেনার

৮। সিনিয়র পিয়ন

৯। ড্রাইভার

১০। সিনিয়র ক্লিনার/সুইপার

১১। সিকিউরিটি গার্ড

১২। দারোয়ান- গ্রেড-১

১৩। দারোয়ান-গ্রেড-২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড-৪ | বিভাগীয় শহর ও সিটি কর্পোরেশন এলাকায় | ৫০০০/- | ২৫০০/- | ৭০০/- | ৬০০/- | ৮৮০০/- |
| | জেলা শহর ও অন্যান্য এলাকায় | ৪৮০০/- | ২৪০০/- | ৭০০/- | ৬০০/- | ৮৫০০/- |

১। পিয়ন-গ্রেড-১

১। পিয়ন-গ্রেড-২

৩। ওয়াচম্যান

৪। গার্ডেন হেলপার

৫। ট্রান্সপোর্ট হেলপার

৬। সুইপার/ক্লিনার

৭। রেস্ট/গেস্ট হাউজ হেলপার

৮। ওয়্যারহাউজ হেলপার

৯। কেন্টিন বয়

১০। ওয়িংম্যান

১১। টালিম্যান

১২। মেসেঞ্জার

১৩। ওয়াশিংম্যান

- **শিক্ষানবিস :**

শিক্ষানবিসীকালীন একজন কর্মচারী মাসিক সর্বসাকুল্যে =৭০০০/- (সাত হাজার) টাকা পাইবেন। তাহার শিক্ষানবিসীকাল হইবে ০৬ (ছয়) মাস। শিক্ষানবিসীকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট গ্রেডে স্থায়ী কর্মচারী হিসাবে নিযুক্ত হইবেন।

- **অন্যান্য সুবিধাদি :**

  বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd